



BKMEA

Bangladesh Knitwear Manufacturers & Exporters Association

বিকেএমইএঃ ৯০০/নবায়ন-২০২৫/২০২৪/১২/১১১৪৯
ডিসেম্বর ১৫, ২০২৪

অতীব জরুরী

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়: ২০২৫ সালের জন্য বিকেএমইএ'র সদস্যপদ নবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫ সালে বিকেএমইএ থেকে সেবা গ্রহণের ক্ষেত্রে আপনার প্রতিষ্ঠানের সদস্য সনদ নবায়ন করা আবশ্যিক। বিকেএমইএ সদস্য সনদ নবায়ন ব্যতীত ইউডি, জিএসপি ফরম প্রদানসহ কোন সেবা দেয়া সম্ভব হবে না।

সদস্য সনদ নবায়ন করার জন্য নিম্নলিখিত কাগজপত্রাদি জমা প্রদান করতে হবে:

১. সভাপতি বরাবর সদস্যপদ নবায়নের জন্য আবেদন (প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে);
২. সর্বশেষ আয়কর (২০২৩-২৪ কর বর্ষ) সনদের এর অনুলিপি;
৩. হালনাগাদ ট্রেড লাইসেন্স এর অনুলিপি;
৪. হালনাগাদ কল-কারখানা সনদের/লাইসেন্স এর অনুলিপি;
৫. সর্বশেষ বিকেএমইএ'র সদস্যপদ নবায়নের সনদের অনুলিপি;
৬. প্রতিষ্ঠানের হালনাগাদ তথ্য সংযুক্তিকৃত (এক্সেল ফরমেট) ফর্মটি যথাযথভাবে পূরণ করে ফর্মের একটি প্রিন্ট কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। উক্ত পূরণকৃত ফর্ম ব্যতীত নবায়ন করা যাবে না।

সদস্যপদ নবায়ন ফি - ১০,০০০/- (দশ হাজার টাকা)

নির্ধারিত ব্যাংকে জমা প্রদানের পর জমা প্রদান স্লিপ বিকেএমইএ কার্যালয়ে জমা প্রদান করতে হবে।

অতএব, ২০২৫ সালের বিকেএমইএ সেবা গ্রহণের ক্ষেত্রে উপরোক্ত কাগজপত্রসমূহ নারায়ণগঞ্জ প্রধান কার্যালয়/ঢাকা/চট্টগ্রাম কার্যালয়ে জমা দিয়ে সদস্যপদ নবায়ন করার জন্য আপনাকে বিনীতভাবে অনুরোধ জানাচ্ছি। এখানে উল্লেখ্য যে, ২০২৫ সালের সদস্যপদ নবায়নের পর প্রয়োজনে প্রতিষ্ঠান পরিদর্শন করা হতে পারে।

ধন্যবাদান্তে,

মোঃ মাহবুবুর রহমান
প্রশাসনিক সমন্বয়ক (ভারপ্রাপ্ত)

নবায়ন সংক্রান্ত কোন তথ্যের জন্য যোগাযোগ

- ১) প্রধান কার্যালয়:
গিয়াস উদ্দীন, যুগ্ম-সচিব
মোবাইল: ০১৭১৬২৬০০৮০; ই-মেইল- scn@bkmea.com
- ২) ঢাকা কার্যালয়:
মাহবুবা টগরী, সহকারী উপ সচিব
মোবাইল: ০১৯২৮৭৬০২৭৭; ইমেইল-hrdhk@bkmea.com
- ৩) চট্টগ্রাম কার্যালয়:
মোঃ আলতাফ উদ্দিন; সিনি: যুগ্ম সচিব
মোবাইল: ০১৯৭৯৩৯০০০২, ০১৫৫৪৩৪৫০১১
ইমেইল: adminctg@bkmea.com

Head Office : BKMEA Bhaban, 53, 54 Nawab Salimullah Road, Chashara, Narayanganj-1400, Bangladesh.

Phone : +880 2 224431857, 224435535, 7641295, Fax : +880 2 7630609

Dhaka Office : Planners Tower (4th Floor), 13/A, Sonargaon Road, Bangla Motor, Dhaka-1000, Bangladesh.

Phone : +880 2 223362257, 58615910, 58615964, 223360498, Fax : +880 2 9677337

Chattogram Office : S. Alam Center (3rd Floor) 58, Agrabad C/A, Chattogram, Bangladesh.

Phone : +88 02 333324342, +88 02 333324345, +88 031724726, Fax : +88 02 333324345

E-mail : info@bkmea.com, bkmea@bangla.net, bkmeactg@bbs.net Log on : www.bkmea.com